এ ঘরের তাওয়াফ করে এবং রাত ও দিন যখন ইচ্ছা সালাত আদায় করতে চায় এমন কোন ব্যক্তিকে তোমরা নিষেধ করো না।

জুবাইর ইবন মুতইম থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: “এ ঘরের তাওয়াফ করে এবং রাত ও দিন যখন ইচ্ছা সালাত আদায় করতে চায় এমন কোন ব্যক্তিকে তোমরা নিষেধ করো না”।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি
আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

এ হাদীসটিতে তাকে সম্বোধন করা হয়েছে যে মসজিদে হারামের দেখা শোনার দায়িত্বশীল। রাসূলের যুগে যারা ছিল তারা বনী আবদে মুনাফ। তিনি বলতেন, কোন মানুষকে বাইতুল্লাহর তাওয়াফ করতে এবং রাত ও দিনে যে কোন সময় চায় সালাত আদায় করতে বাধা দেওয়ার অধিকার তোমাদের নাই। এখানে সালাত দ্বারা উদ্দেশ্য তাওয়াফের দুই রাকা‘আত সালাত। অনুরূপভাবে হাদীসটি সালাত আদায়ের নিষিদ্ধ ওয়াক্তসমূহ সহ সব ওয়াক্তকে সামিল করে।

http://sunnah.global/hadeeth/bn/show/10607